

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত এর কার্যালয়
বরিশাল।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ৩০০/২০২২

তারিখ : ২৯/০৮/২০২২ খ্রিঃ।

মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, বরিশাল-এ জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী সরকারি বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য ভাতাদিসহ অস্থায়ী ভিত্তিতে নিম্ন বর্ণিত শূণ্য পদে সরাসরি নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী বাছাইয়ের নিমিত্ত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :-

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	স্টেনোগ্রাফার- কাম-কম্পিউটার অপারেটর	০১ (এক) টি	টাকাঃ-১০,২০০-২৪,৬৮০/- সহ বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদি। (গ্রেড-১৪)	(i) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে ; (ii) স্ট্রাইটলিপিতে প্রতিমিনিটে ইংরেজীতে ১০০ শব্দ এবং বাংলায় ৮০ শব্দ এবং টাইপে প্রতিমিনিটে ইংরেজীতে ৩৫ শব্দ এবং বাংলায় ৩০ শব্দ গতি সম্পন্ন হতে হবে।

শর্তাবলী :-

- উপরে বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদন ফরমে "সভাপতি, কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, বরিশাল ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, বরিশাল" বরাবর আবেদন করতে হবে;
- প্রার্থীর বয়সসীমা ০১/০৭/২০২২ খ্রিঃ তারিখে ১৮ (আঠার) হতে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য/নাতি/নাতনি হলে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিল যোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্রের সাথে নিম্ন লিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে-

(ক) প্রথম শ্রেণীর গ্রেজেটেড কর্মকর্তা (নাম ও পদবি সম্বলিত সীলসহ) কর্তৃক সত্যায়িত-

- সদ্যতোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রপিন ছবি ;
- শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি ;
- স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র বা কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি ;
- জন্ম নিবন্ধন অথবা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ;
- মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য/নাতি/নাতনি হিসেবে আবেদনকারী হলে আবেদন পত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী হালনাগাদকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের ফটোকপি ;

(খ) আবেদনপত্রের সাথে আবেদনকারীকে ১০০/- (একশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য পোস্টাল অর্ডার দাখিল করতে হবে;

(গ) আবেদনপত্রের সাথে প্রাপক হিসেবে আবেদনকারীর নাম ও বর্তমান ঠিকানা উল্লেখ পূর্বক ১৫/- (পনের) টাকা মূল্যমানের ডাকটিকিট সম্বলিত ১০ ইঞ্চি * ৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে। যা বাছাই অস্ত্রে উপযুক্ত আবেদনকারীর প্রতি প্রবেশপত্র ইস্যুর জন্য প্রয়োজন হবে।

৪। ৩ নং শর্তে বর্ণিত কাগজপত্রসহ আবেদনপত্রটি একটি খামে ভরে আগামী ১৮/০৯/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে সভাপতি, কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, বরিশাল ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, বরিশাল এই ঠিকানায় ডাকযোগে/কুরিয়ার সার্ভিস/সরাসরি পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র কোনভাবে গ্রহণযোগ্য হবে না। উক্ত খামের উপরে বাম পাশে আবশ্যিকভাবে "পদের নাম" উল্লেখ করতে হবে।

৫। চাকুরীরত প্রার্থীগণ নির্ধারিত তারিখের মধ্যে স্থায়ী কর্তৃপক্ষের মাধ্যমে বয়স থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন।

৬। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।


৭। বর্ণিত শর্তাবলীর আলোকে প্রাপ্ত আবেদনপত্র সমূহ যাচাই বাছাইক্রমে উপযুক্ত প্রার্থীদের বর্তমান ঠিকানায় (ফেরত খামে উল্লেখিত ঠিকানায়) পরীক্ষার তারিখ, সময় ও স্থান উল্লেখ পূর্বক প্রবেশপত্র ইস্যু করা হবে।

৮। মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময় প্রার্থীদেরকে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য সকল প্রকার মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।

৯। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত বিধি-বিধান এবং আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।

১০। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ (ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা) প্রদান করা হবে না।

১১। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি কোন চাকুরির নিশ্চয়তা প্রদান করে না। কর্তৃপক্ষ প্রয়োজন সাপেক্ষে পদ সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার এবং কোন কারণ দর্শানো ব্যতিত এ নিয়োগ সংক্রান্ত যাবতীয় বা আংশিক কার্যক্রম যে কোন সময় স্থগিত অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে



২৯/০৮/২০২২

মোহাম্মাদ শফিকুল ইসলাম

সভাপতি

কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, বরিশাল

ও

অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, বরিশাল।